

প্রথম আলো

তারিখ ১-৪-FEB-2005  
স্বাধীনতা

আঃ নূর মোঃ বজলুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান। অনুষ্ঠানমালার প্রথম দিনে স্কুল ও কলেজের বিভিন্ন বয়সের শিশু-কিশোরদের আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনী অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় তৃতীয় থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে আউজনের আলোকচিত্র স্থান পেয়েছে প্রদর্শনীতে। প্রতিযোগিতায় মাহবুব আশরাফ, আহাদ, মুম্বাখার আসেফ রহমান ও ইয়ানীন ইবনে তারিক প্রথম স্থান অধিকার করেন। তাদের আলোকচিত্রের বিষয় ছিল পরিবেশ দূষণ, নগরজীবন ও জমিদারী দেশ। শিশু-কিশোররা তাদের আলোকচিত্রের মাধ্যমে আমাদের চারপাশের প্রকৃতি কেমন ভুলে, আনতে চেয়েছে, তেমনি ঢাকা শহরের নোংরা পরিবেশও উঠে এসেছে। আলোকচিত্র প্রদর্শনীটি আরো বড় পরিসরে হতে পারত। আরো অনেক বেশি শিশু-কিশোরকে এর সঙ্গে যুক্ত করা যেত। এরই মধ্যে দ্বিতীয় কার্যক্রম শুরু হয়েছে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরিতে। এতে ইউনেস্কোর পাঁচ হাজারেরও বেশি প্রকাশনা স্থান পেয়েছে। ইউনেস্কো ক্লাবের সহযোগিতায় এ অনুষ্ঠানে বই অত্যন্ত কম মূল্যে পাওয়া গেছে।—  
আব্দুল্লাহ মামুন

মাতৃভাষা দিবসে

ইউনেস্কো

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন প্রতিবছর বেশকিছু অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এবারও তার ব্যতিক্রম ঘটল না। মূলত স্কুল-কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে এ আয়োজনগুলো করে থাকে তারা। কমিশনের সঙ্গে সহযোগিতায় থাকে ইউনেস্কো ঢাকা এবং ইউনেস্কো ক্লাব। ১৫ ফেব্রুয়ারি পদ্মাশী নীলক্ষেতের ব্যানবেইস ভবনের চতুর্থ ভলায় কমিশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠানমালার উদ্বোধন হলো। এদিন এতে অংশ নিয়েছিল বিভিন্ন স্কুল ও কলেজের শিক্ষার্থীরা। আর সপ্তাহব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী এম ওসমান ফারুক। বিএনসিইউস সচিব